PR03865 I – 03732 5000Rs.

INDIA NON JUDICIAL

५000रु. Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

NOT DULY STAMPED AS PER MARKET VALUE, AND REALISED AS PER ... NORTH & KET ... A 1089/-

12 AUG 1998

G. O. No.-2321-F. T. & 2336-F. T. of 23/12/05 & 28/12/05
M. V. Rs. 1,50,000/-
50% of D. Stamp Duty Rs. 3500/-
50% of D. A. Fee Rs. 7700/-
Has been Realised on 28/3/06
as per Banker's Chaque/Bank Draft
No. 968913 Dated 28/3/06
of ...

COLLECTOR

28 MAR 2006

-: ১,০০,০০০.০০ এক লক্ষ টাকা পণে সাফ বিক্রয় কোবালা : -

ক্রেতা : -

শ্রী চন্দন সেনগুপ্ত পিতা শ্রী সৌরেন্দ্র নাথ সেনগুপ্ত, সাং- বীরেশপল্লী, মধ্যমগ্রাম, পোঃ- মধ্যমগ্রাম, থানা- বারাসাত, জেলা- উত্তর ২৪ পরগণা, জাতি- হিন্দু, পেশা- ব্যবসা ।

বিক্রেতা : -

শ্রী শম্ভুনাথ মন্ডল পিতা মৃত পঞ্চানন মন্ডল, সাং- দোহাড়িয়া, পোঃ- গঙ্গানগর, থানা- বারাসাত, জেলা- উত্তর ২৪ পরগণা জাতি- হিন্দু, পেশা- ব্যবসা ।

Admissible under Rule 21 and also under section 5 (1) of W.B.L.R. Act. —1908 (XV1 of 1908) duty stamped under the Indian stamped 1899
Schedule 1 A. No. 23
Fees Paid ... 78/-
P. fee Rs. ...

Additional District Sub-Registrar
Barasat, North 24 Parganas

28 MAR 2006

Vendor ROR
MV 1,50,000
Stamp duty 15,000
D.D. fee 5000
Regn. 7000

Serial No. 17844
Sold to Sri Chandana Sengupta
of Bireshpally, Madhyamgram.
24P (N)

11.8.98

1000/-

Admitted for Registration at ... A.M./P.M. on the 12th day of ... 19... at the Additional District Sub-Registrar Office, Barasat, North 24-Parganas ... by the ... Sambhu nath Mandal

Sambhu nath Mandal
S/o. Late Panchanan Mondal
of Kalaria
P.S. Barasat, Dist North 24-Parganas
by Caste - Hindu, Nationality - Indian
by Profession - Service/Business

2 AUG 1998
Additional District Sub-Registrar
Barasat (North) 24-Parganas

1 2 AUG 1998

Kamalesh Ram
S/o Lt. Jaribar Ram
T.M.I Habulsaya
of ... P.S. Barasat, Dist North 24-Parganas

4834

Admissible under Rule 21 and also under section 5 (1) of W.S.L.R. Act — 1908 (XVI of 1908) duly stamped under the Indian Stamp Act, Schedule I ...
Fees Paid ...

Additional District Sub-Registrar
Barasat (North) 24-Parganas

20 MAR 2006

1 2 AUG 1998

কস্য শুভ সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে ::

জেলা উত্তর ২৪ পরগণা, থানা ও এডিশনাল ডিষ্ট্রিক্ট সাব রেজিষ্ট্রি অফিস বারাসাত, পৌরসভা মধ্যমগ্রাম, পরগণা আনোয়ারপুর, ১৪৬ নং তৌজির মধ্যে হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলা কালেকটর বাহাদুর অধীন মৌজা দোহাড়িয়া , জে,এল নং ৪৫, আর,এস ১৮৬ নং খতিয়ানভুক্ত ৫৯৩ দাগে ৫৯ শতক শালি জমি যাহা আমি অত্র সাফ কোবালা দলিলের বিক্রেতা মায় আমার অপর দুই সহোদর ভ্রাতাদ্বয় শ্রী বিশ্বনাথ মন্ডল, শ্রী ভোলানাথ মন্ডল গত আর,এস জরীপে ৫ আনা ৬ গন্ডা ২ কড়া ২ ক্রান্তি রকমে প্রত্যেক হিসাব মোতাবেক অংশ অনুসারে রেকর্ড লিপিবদ্ধ করত: ভোগবান ও মালিক দখলিকার থাকা অবস্থায় বিগত ইং ২।৫।১৯৬৪ সন তারিখে মোকাম বারাসাত সাব রেজিষ্ট্রি অফিসে রেজিষ্ট্রিকৃত ১নং বহির ৪২ নং ভলুমের ২২৮ হইতে ২৩৬ নং পৃষ্ঠায় নকলীকৃত ৩৪২৯ নং এককেতা আপোষ বিভাগ বন্টননামা দলিল মূলে নিজ নিজ সম্পত্তি নির্দিষ্ট রূপে প্রাপ্ত হইয়া এবং আমি অত্র সাফ কোবালা দলিলের বিক্রেতা উল্লিখিত বাটোয়ারা দলিল মূলে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি প্রাপ্ত হইয়া এযাবৎকাল নিজ খাসে, নিব্যূঢ় স্বত্বে অন্যের নিরাশে উত্তম স্বত্বে ভোগবান ও মালিক দখলিকার আছি ।

এক্ষণে আমার নানাবিধ বৈধ ও সঙ্গত কারণে নগদ টাকার একান্ত আবশ্যক হওয়ায় নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত ও নিম্ন চৌহদ্দিস্থিত যাহা অত্র দলিল সংলগ্ন প্রত্তৃতীয় নক্শায় প্রদর্শিত লাল রং দ্বারা সীমাবদ্ধ ও বেষ্টিত ইংরাজী মাপে কমবেশী ১৬ $\frac{১}{২}$ শতক শালি জমি মায় দরকুত্ত হক হকুক সহ বিক্রয় করিবার ঘোষণা প্রচার ও প্রকাশ করিলে আপনি অত্র সাফ কোবালা দলিলের ক্রেতা লোক পরম্পরায় উক্ত বিষয় অবগত হইয়া বর্তমান বাজার দরের সর্ব্বোচ্চ মূল্য ১,০০,০০০.০০ এক লক্ষ টাকায় বিক্রয় করিবার প্রস্তাব করিলে এবং আপনি উক্ত মূল্যে ক্রয় করিতে সম্মত হইলে অদ্য আমি আপনার নিকট হইতে মং ১,০০,০০০.০০ এক লক্ষ টাকা পণ বাবদ নগদ এককালিন গ্রহণ করিয়া আপনার

Additional District Sub-Registrar
Barasat (North) 24-Parganas

12 AUG 1998

নাম বরাবর অত্র সাফ কোবালা দলিল সম্পাদন পূর্বক স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে, অদ্যকার তারিখ হইতে আপনি আমার স্বত্বে সম্পূর্ণ স্বত্ববান, দখলে দখলিকার এবং হাল মালিক সরকারে ও মধ্যমগ্রাম পৌরসভায় কর আদি ও ট্যাক্স আদি আদায় দিয়া দাখিলা ও রশিদাদি গ্রহণে দান, বিক্রয়, হস্তান্তরের সকল ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশনগণ ও স্থলাভিষিক্তগণ ক্রমে পরম সুখে যদৃচ্ছা ভোগদখল করিতে থাকুন ।

কস্মিনকালে বিক্রিত সম্পত্তি সম্বন্ধে আমি কিম্বা আমার অন্য কোন ওয়ারিশনগণ বা স্থলাভিষিক্তগণ কেহ কখনও কোনপ্রকার স্বত্বদখল দাবী দাওয়া করি কি করেন তাহা সর্বত্র বাতিল ও নামঞ্জুর হইয়া সর্ব আদালতে অগ্রাহ্য হইবে । ইতিপূর্বে উক্ত সম্পত্তি কোনরূপ দান, বিক্রয়, হস্তান্তর করি নাই কি কাহারও জামানতে আবদ্ধ করা নাই, কাহারও সহিত চুক্তিপত্রে আবদ্ধ করা নাই , কোনরূপ ঋণের দায়ে দায়বদ্ধ নহে, উক্ত সম্পত্তি বর্তমান সরকার কর্তৃক কোনরূপ খাস হয় নাই বা কোনরূপ দেওয়ানী ও ফৌজদারী মোকর্দ্দমার বিষয়ভুক্ত নহে বা ল্যান্ড রিকুইজিশন বা এ্যাকুইজিশন এর আওতাভুক্ত নহে সম্পূর্ণ নির্দায়, নির্দোষ ও মুক্তাবস্থায় উক্ত সম্পত্তি আপনার নিকট বিক্রয় করিয়া চির নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম এবং দখলাদি বুঝাইয়া দিলাম । যদি ভবিষ্যতে আমা কর্তৃক কোনরূপ তঞ্চকতা বা শঠতা থাকা প্রকাশ পায় বা আপনার খরিদা স্বত্ব দখলে ব্যাঘাত হয় কিম্বা বাঁধা বিঘ্ন ঘটে তাহা হইলে আপনার যাবতীয় ক্ষতি খেসারতের জন্য দায় ওয়ারিশনগণ ক্রমে ফেরৎ দিতে বাধ্য ও বদ্ধ রহিলাম ।

প্রকাশ থাকে যে, অত্র দলিলে কোনরূপ ভুল ভ্রান্তি থাকিলে বা প্রকাশ পাইলে আমাকে জানাইবা মাত্র বিনা ওজরে বিনা পণ গ্রহণে সংশোধনী দলিল রেজিষ্ট্রি করিয়া দিতে বাধ্য ও বদ্ধ রহিলাম ।

এতদার্থে স্বেচ্ছায়, সুজ্ঞানে, সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনা অনুরোধে ও বিনা প্ররোচনায় অদ্য আমি আপনার নিকট হইতে অত্র সাফ কোবালা দলিলে লিখিত পণের সমুদয় টাকা নগদ এককালিন বুঝিয়া পাইয়া এবং অত্র কোবালা পত্রের মর্ম ও ফলাফল

Additional District Sub-Registrar
Barasat (North) 24-Parganas

12 AUG 1998

সম্যক অবগত হইয়া নিজ নাম সহি করিলাম।

ইতি, তাং ইং ১২।৮।১৯৯৮ সাল বাংলা ২৬শে শ্রাবণ ১৪০৫ সাল।

-: তপশীল বিক্রিত সম্পত্তির পরিচয় :-
**********************

জেলা উত্তর ২৪ পরগণা, থানা ও এ,ডি,এস,আর অফিস বারাসাত, পৌরসভা মধ্যমগ্রাম, পরগণা আনোয়ারপুর, ১৪৬ নং তৌজির মধ্যে হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলা কালেকটর বাহাদুর অধীন মৌজা দোহাড়িয়া গ্রামে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট বার্ষিক হারাহারি .৭০ পয়সা জমার কাত বাংলা মাপে ১০ কাঠা বা ইংরাজী মাপে কমবেশী ১৬½ শতক শালি জমি অত্র কোবালাপত্র ভুক্ত হইল।

জে, এল নং - ৪৫

রেঃ সাঃ নং - ১৩২

আর, এস ১৮৬ এক শত ছিয়াশি নং খতিয়ানভুক্ত -

৫৯৩ পাঁচ শত তিরানব্বই দাগে ৫১ শতক শালি জমি জমার মধ্যে আমার আর, এস জরীপে ৫ আনা ৬ গন্ডা ২ কড়া ২ ক্রান্তি রকমে এবং আপোষ বিভাগ বন্টন দলিল মূলে প্রাপ্ত ও খাস দখলিয় যাহা অত্র দলিল সংলগ্ন প্রস্তুতীয় নক্শায় প্রদর্শিত লাল রং দ্বারা সীমাবদ্ধ ও বেষ্টিত বাংলা মাপে ১০ দশ কাঠা বা ইংরাজী মাপে কমবেশী ১৬½ সাড়ে ষোল শতক শালি জমি মায় দরবস্ত হক হকুক ও যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি ও চলাচলের বর্ত্ত স্বত্ব সহ অত্র বিক্রিত সম্পত্তি হইতেছে। বিক্রিত জমি মধ্যমগ্রাম পৌরসভার ১০ নং ওয়ার্ডভুক্ত হইতেছে। সংলগ্ন নক্শা দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

Additional District Sub Registrar
Barasat (North) 24-Parganas

2 AUG 1998

-: যাহার চৌহদ্দি :-

উত্তরে - শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্তার জমি ।

দক্ষিণে - অন্যের জমি ।

পূর্বে - পৌরসভার রাস্তা ।

পশ্চিমে - ৩৯৮ নং দাগভুক্ত জমি ।

মুসাবিদাকারক :-
Sadhan Ganguly
Bar No 78/84
এ্যাডভোকেট,
বারাসাত জজ কোর্ট ।

টাইপকারক :-
বিমল দে
( বিমল দে )
বারাসাত কোর্ট ।

ইসাদী :-

১। Kailash Ram.
T. M. 1
HAbul Nagar Madhyamgram

২। Arup Mukherjee
Madhyamgram, Doltighar.

3. Bidesh Kumar Kar.
Madhyamgram.
24 parganas (N)

296
122

Additional District Sub-Registrar
Barasat (North) 24-Parganas


12 AUG 1998

Additional District Sub-Registrar
Barasat (North) 24-Parganas
7-9-06

122
289 to 296
03782 (03732)

SKETCH MAP OF R. S DAG NO 593 (PART) OF
MOUZA BOHARIA J.L. NO 45, KHATIAN NO 186
UNDER P.S. BARASAT. DIST. NORTH 24 PARGANAS

SCALE: 1 INCH = 40 FT




Chandan Sujyoti
Signature of vendor

Signature of vendor

DRAWN BY
(SURVEYER)

Additional District Sub Registrar
Barasat (North) 24-Parganas

12 AUG 1998

Additional District Sub Registrar
Barasat (North) 24-Parganas